

‘নারীকে শিক্ষিত হয়ে সমাজ বদলে অবদান রাখতে হবে’


নিজস্ব প্রতিবেদক ●

একজন নারীর জীবনে নানা রকম প্রতিবন্ধকতা থাকবেই, সেসব উত্তরণ করেই পথ চলতে হবে। এ জন্য নারীকে সুশিক্ষায় শিক্ষিত হয়ে সংসার ও সমাজ পরিবর্তনে অবদান রাখতে হবে।

গতকাল ‘আমরা বাংলাদেশের নারী, সমাজ বদলাতে পারি’ শীর্ষক অনুষ্ঠানে কথাগুলো বলেন দৈনিক ইত্তেফাক-এর ভারপ্রাপ্ত সম্পাদক তাসমিমা হোসেন। চার মাস মেয়াদি পিঞ্জ টার্মের শিক্ষা কার্যক্রম শেষে এই অনুষ্ঠানের আয়োজন করে সেন্ট্রাল উইমেন্স ইউনিভার্সিটির সোশিওলজি অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগ। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পারভীন হাসান বইপড়ার ওপর গুরুত্বারোপ করে ছাত্রীদের উদ্দেশে বলেন, বই মানুষের দৃষ্টিকে প্রসারিত করে। তাই বইপড়া অভ্যাসে পরিণত করতে হবে।

অনুষ্ঠানে ‘আমরা বাংলাদেশের নারী, সমাজ বদলাতে পারি’ শিরোনামে রচনা প্রতিযোগিতায় বিজয়ী ছয় ছাত্রীর হাতে পুরস্কার তুলে দেন তাসমিমা হোসেন। এ সময় বিজয়ীরা তাদের রচনার খানিকটা পাঠ করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক সৌমিত্র শেখর তাঁর বক্তব্যে বইপড়া কর্মসূচির প্রশংসা করেন।

শুভেচ্ছা বক্তব্যে সোশিওলজি অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগের চেয়ারপারসন অধ্যাপক মালেকা বেগম বলেন, মেয়েরা তাদের সৃজনশীলতা কাজে লাগিয়ে দেশ গঠনে সহায়তা করছে। তারা নিজেদের জীবন বদলের পাশাপাশি সমাজও পরিবর্তন করছে।

ব্যানবেইস পরিচালকের কার্যালয়	
প্রতি নং.....	
তারিখ.....	
ক. পরিচালকের কার্যালয়	
ডায়েরী নং/তারিখ	
সিস্টেম ম্যানেজার	
সিনিয়র সিস্টেম এনালিস্ট	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	
স্বাক্ষর/তারিখ	
	 স্বাক্ষর